

# স্নাতক পর্যায়ের দেড় লাখ ছাত্রীকে উপবৃত্তি দেয়া হবে

যাযায়দিন রিপোর্ট

প্রথমবারের মতো সারাদেশের স্নাতক ও সমমান পর্যায়ের এক লাখ ৩৩ হাজার ৭২৬ ছাত্রীকে উপবৃত্তি দেয়া হবে। প্রতি ছাত্রীকে বছরে ৫ হাজার ৬২০ টাকা প্রদান করা হবে। এরমধ্যে উপবৃত্তি ২ হাজার ৪০০ টাকা, পরীক্ষার ফি এক হাজার টাকা, বই ভেদার জন্য ১ হাজার ৫০০ টাকা ও টিউশন ফি বাবদ ৭২০ টাকা করে দেয়া হবে।

এছাড়া সরকারের বছরে ৭৫ কোটি ১৫ লাখ টাকা ব্যয় হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা চলতি মাসের শেষ সপ্তাহের কোনো একদিন আনুষ্ঠানিকভাবে এ উপবৃত্তি প্রদান করবেন বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট বোর্ডের সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর এ কে আজাদ চৌধুরী, শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, প্রাথমিক ও গণশিক্ষা সচিব কাজী আবতার হোসেন, ইআরডি অতিরিক্ত সচিব আরাত্ত খান, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব শাহাবুদ্দিন আহমেদ,

ফেডারেশন অব চেম্বার্সের সভাপতি কাজী আকরাম উদ্দিন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ফাহিমা খাতুন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর শাজাহান মিয়া, ঢাকা কলেজ, ডিকারুনিসা নূন স্কুল ও কলেজ, গবর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম ইম্পায়াসনি পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, সরকারি আলিয়া মদ্রাসা, শ্রীপুর ভাগনাত্যটি রহমানিয়া কামিল মদ্রাসার অধ্যক্ষ প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় জানানো হয়, আগামী ১৫ জুলাইয়ের মধ্যে ধানমতিতে ঢাকা শিক্ষা বোর্ডের কম্পিউটার সেল অফিসের তৃতীয় তলায় ট্রাস্ট বোর্ডের অফিস স্থাপন করা হবে।

প্রাথমিক পর্যায়ে ৩২ জন জনবল নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে। ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীর চাকরি নিয়মাবলি সংবেদিত খসড়া 'চাকরি প্রবিধানমালা' প্রস্তুত করা হয়েছে। বর্তমানে ট্রাস্টের কাজ পরিচালনার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব পালন করছেন।

প্রধানমন্ত্রী, শেখ  
হাসিনা চলতি মাসের  
শেষ সপ্তাহের  
কোনো একদিন  
আনুষ্ঠানিকভাবে এ  
উপবৃত্তি প্রদান  
করবেন